

■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১১৪৬

كتاب النكاح عن رسول الله الله النكاح عن رسول الله النكاح عن النكاح عن النكاح عن النكاح عن النكاح عن

পরিচ্ছেদঃ স্ত্রীর মহরানা নির্ধারণের পূর্বেই যদি স্বামী মারা যায়।

باب مَا جَاءَ فِي الرَّجُلِ يَتَزَوَّجُ الْمَرْأَةَ فَيَمُوتُ عَنْهَا قَبْلَ أَنْ يَفْرِضَ لَهَا

আরবী

حَدَّتَنَا مَحْمُودُ بْنُ غَيْلاَنَ، حَدَّتَنَا زَيْدُ بْنُ الْحُبَابِ، حَدَّتَنَا سُفْيَانُ، عَنْ مَنْصُورٍ، عَنْ إِبْرَاهِيمَ، عَنْ عَلْقَمَةَ، عَنِ ابْنِ مَسْعُودٍ، أَنَّهُ سُئِلَ عَنْ رَجُلٍ، تَزَوَّجَ امْرَأَةً وَلَمْ يَفْرِضْ لَهَا صَدَاقًا وَلَمْ يَدْخُلْ بِهَا حَتَّى مَاتَ . فَقَالَ ابْنُ مَسْعُودٍ لَهَا مِثْلُ صَدَاقِ نِسَائِهَا لاَ وَكُسَ وَلاَ شَطَطَ وَعَلَيْهَا الْعِدَّةُ وَلَهَا الْمِيرَاثُ . فَقَامَ مَعْقِلُ بْنُ سِنَانٍ الأَشْجَعِيُّ فَقَالَ قَضَى رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم فِي بِرْوَعَ بِنْتِ وَاشِقٍ امْرَأَةٍ مِنَّا مِثْلَ الَّذِي قَضَيْتَ . فَفَرِحَ بِهَا ابْنُ مَسْعُود . قَالَ وَفِي الْبَابِ عَنِ الْجَرَّاحِ .

حَدَّتَنَا الْحَسَنُ بْنُ عَلِيِّ الْخَلاَّلُ، حَدَّتَنَا يَزِيدُ بْنُ هَارُونَ، وَعَبْدُ الرَّزَّاقِ، كِلاَهُمَا عَنْ سُفْيَانَ، عَنْ مَنْصُورِ، نَحْوَهُ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ ابْنِ مَسْعُودِ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ وَقَدْ رُويَ عَنْهُ، مِنْ غَيْرِ وَجْهٍ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ وَبِهِ يَقُولُ الثَّوْرِيُّ وَأَحْمَدُ وَإِسْحَاقُ . وَقَالَ بَعْضُ النَّبِيِّ صلى الله عليه وسلم مِنْهُمْ عَلِيُّ بْنُ أَبِي طَالِب وَزَيْدُ بْنُ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم مِنْهُمْ عَلِيُّ بْنُ أَبِي طَالِب وَزَيْدُ بْنُ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم مِنْهُمْ عَلِيُّ بْنُ أَبِي طَالِب وَزَيْدُ بْنُ الْهِلَ الْعَلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم مِنْهُمْ عَلِيُّ بْنُ أَبِي طَالِب وَزَيْدُ بْنُ الْهِلَ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم مِنْهُمْ عَلِيُّ بْنُ أَبِي طَالِب وَزَيْدُ بْنُ الْعَلْمُ وَابْنُ عَبَاسٍ وَابْنُ عُمَرَ إِذَا تَزَوَّجَ الرَّجُلُ الْمَرْأَةَ وَلَمْ يَدْخُلُ بِهَا وَلَمْ يَقْرِضْ لَهَا صَدَاقًا لَهَا الْمِيرَاثُ وَلاَ صَدَاقَ لَهَا وَعَلَيْهَا الْعِدَّةُ . وَهُو قَوْلُ الشَّافِعِيِّ وَيَعْ بِنِت وَالسِقِ لَكَانَتِ الْحُجَّةُ فِيمَا رُويِ عَنِ السَّافِعِيِّ أَنَّهُ رَجَعَ بِمِصْرَ بَعْدُ عَنْ هَذَا الْقَوْلِ وَقَالَ بِحَدِيثِ بِرْوَعَ بِنْتِ وَالْسَقَ .

বাংলা



১১৪৬. মাহমূদ ইবনু গায়লান (রহঃ) আলকামা (রহঃ) থেকে বর্ণিত, "কোন ব্যক্তি যদি কোন স্ত্রীলোককে বিয়ে করার পর তার সাথে মিলিত হওয়ার আগেই মারা যায় এবং স্ত্রীর জন্য কোন মহরানা নির্ধারণ না করে থাকে তবে কি হবে? -এই সম্পর্কে ইবনু মাসঊদ রাদিয়াল্লাহু আনহু কে জিজ্ঞাসা করা হলে তিনি বলেছিলেন, সে মহিলা তার স্বগোত্রীয় মহিলাদের অনুরূপ মহর পাবে। এর চেয়ে কমও নয়, বেশীও নয়। তাকে ইন্দত পালন করতে হবে এবং সে মীরাছও পাবে। তখন মা'কিল ইবনু আশজাঈ রাদিয়াল্লাহু আনহু দাঁড়িয়ে বললেন, আমাদের গোত্রের এক মহিলা বিরওয়া বিনত ওয়াশিকের ক্ষেত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আপনার মত ফয়সালা দিয়েছিলেন। এই কথা শুনে ইবনু মাসঊদ রাদিয়াল্লাহু আনহু অত্যন্ত আনন্দিত হন। - ইবনু মাজাহ ১৮৯১, তিরমিজী হাদিস নম্বরঃ ১১৪৫ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে জাররাহ রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে। হাসান ইবনু আলী-খাললাল (রহঃ) মানসূর (রহঃ) থেকে অনুরূপ বর্ণিত আছে। কোন কোন সাহাবী ও অপরাপর আলিমগণের এতদানুসারে আমল রয়েছে। এ হলো ইমাম ছাওরী, আহমাদ ও ইসহাক (রহঃ)-এর অভিমত। আলী ইবনু আবী তালিব, যায়দ ইবনু ছাবিত ও ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু সহ কতক সাহাবীর অভিমত হলো, কোন ব্যক্তি যদি কোন মহিলাকে বিবাহ করে এবং মহর নির্ধারণ না করেই মারা যায় তবে সে মীরাস পাবে কিন্তু মহর পাবে না। আর তাকে ইদ্দত পালন করতে হবে। এ হলো ইমাম শাফিঈ (রহঃ)-এর অভিমত। তিনি বলেন, বিরওয়া বিনত ওয়াশিকের হাদীসটি যদি প্রমাণিত হয়় তবে তো নবী থেকে যা বর্ণিত তাই হো হবে দলীল হিসাবে অধিকতর গ্রহণীয়। ইমাম শাফিঈ (রহঃ) থেকে বর্ণিত আছে যে, তিনি মিসরে গমনের পর তার পূর্ব অভিমত প্রত্যাহার করেন; বিরওয়া বিনত ওয়াশিক রাদিয়াল্লাহু আনহু এর হাদীস অনুসারে অভিমত গ্রহণ করেন।

English

Algamah narrated that:

Ibn Mas'ud was asked about a man who married a woman and he did not stipulate the dowry for her, and he did not enter into her until he died. So Ibn Mas'ud said: "She gets the same dowry as other women, no less and no more, she has to observe the Iddah, and she gets inheritance." So Ma'qil bin Sinan Al-Ashja'l stood and said: "The Messenger of Allah judged the same as you have judged regarding Birwa bint Washiq, a woman of ours." So Ibn Mas'ud was happy about that.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আলকামাহ (রহঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন